



036

Handwritten signature and scribbles.

পরীক্ষাকেন্দ্র স্থানান্তর মুলাদীতে অর্ধদিবস হরতাল

৷ স্টাফ রিপোর্টার ৷
পরীক্ষায় নকলকে কেন্দ্র করে হাসামার ফলে বরিশালের মুলাদীতে এইচএসসি পরীক্ষার্থী ওয়ার দুলাহ নঈমের নিহত হওয়ার প্রতিবাদে সোমবার মুলাদীতে অর্ধদিবস হরতাল পালিত হয়েছে।
(০-এর পঃ দঃ)

মুলাদীতে (প্রথম পঃ পর)

এদিকে জেলা প্রশাসন এই ঘটনা তদন্তের জন্যে বরিশালের অতি-রিস্ত জেলা প্রশাসকের নেতৃত্বে একটি তদন্ত কমিটি গঠন করেছেন। ৭ দিনের মধ্যে কমিটি রিপোর্ট প্রদান করবেন বলে জানা গেছে।

মুলাদীতে উত্তেজনার পরি-স্থিতি এবং গণ-নকলের অভি-যোগে যশোর বোর্ড মুলাদী কলেজ থেকে পরীক্ষা কেন্দ্র বরিশালে স্থানান্তর করেছেন। আজ মঙ্গলবার থেকে মুলাদী কেন্দ্রের ৪৫০ জন পরীক্ষার্থী বরিশালের বি এম কলেজ কেন্দ্র পরীক্ষা দেবে।

গতরাতে জেলা প্রশাসক জানানঃ নিরাপত্তার কারণে মুলাদীর ইউ এন ও-কে বরিশালে সরিয়ে আনা হয়েছে। হাসামার আহত ইউএনও বর্তমানে শেরে বাংলা মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন। মুলাদীর পরিস্থিতি বর্তমানে শান্ত বলে জেলা প্রশাসক জানান।
মাইজদীকোর্ট

মাইজদীকোর্ট থেকে নিজস্ব সংবাদদাতা জানান, মাদ্রাসা বোর্ডের টাইটেল পরীক্ষা চলাকালীন সময়ে গতকাল কত পক্ষ নকলের অভি-যোগে ২০ জনকে বহিস্কার এবং পরীক্ষা কেন্দ্রসমূহ থেকে চার বস্তা নকল উদ্ধার করেছেন।